

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২৪, ২০১৬

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ২০১৫-২০১৬ অর্থ বছরে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক বিসিআইসির নিয়ন্ত্রণাধীন আশুগঞ্জ ফার্টিলাইজার এন্ড কেমিক্যাল কোম্পানী লিমিটেড (এএফসিসিএল) এর জন্য ২০০ মেঃ টন \pm ৫% পলিথিন পিলেটস্ আমদানির জন্য আন্তর্জাতিক প্রেস রি-টেন্ডার নং পার-৩.২৭১৭/২০১৫-২০১৬ তারিখ ২০-০৩-২০১৬ আহ্বান করা হয়। M/S. Shandong Heng Rui Industrial Ltd., China খ্রিস্পিয়াল/প্রস্তুতকারক হিসেবে এবং মেসার্স ফাইবার অপটিকস নেটওয়ার্ক সলিউশন বাংলাদেশ লিঃ, ১৪৩/১, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ, ফোন নং+৮৮০২ ৯৩৪৬৬৫৪ ফ্যাক্স নং+৮৮০২ ৮৩১২৯২৮, e-mail : sales@fonshd.com. লোকাল এজেন্ট হিসেবে টেন্ডারে অংশগ্রহণ করে। মেসার্স ফাইবার অপটিকস নেটওয়ার্ক সলিউশন বাংলাদেশ লিঃ, ঢাকা এর খ্রিস্পিয়াল/প্রস্তুতকারকঃ M/S. Shandong Heng Rui Industrial Ltd., China এর অস্তিত্ব সম্পর্কে চায়নাস্থ বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে জানা যায় যে, খ্রিস্পিয়াল/প্রস্তুতকারকঃ M/S. Shandong Heng Rui Industrial Ltd., China বাংলাদেশের কোন টেন্ডারে অংশগ্রহণ করেনি।

এমতাবস্থায়, মিথ্যা ও জাল তথ্য/কাগজপত্র দিয়ে প্রতারণার আশ্রয় নিয়ে দরপত্রে অংশগ্রহণ করায় যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক মেসার্স ফাইবার অপটিকস নেটওয়ার্ক সলিউশন বাংলাদেশ লিঃ, ১৪৩/১, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ, ফোন+৮৮০২ ৯৩৪৬৬৫৪ ফ্যাক্স নং+৮৮০২ ৮৩১২৯২৮, e-mail : sales@fonshd.com. নামক প্রতিষ্ঠানটিকে পিপিআর-২০০৮ এর বিধি ১২৭ এর ২ (খ), ৩ এবং ৪ (গ) মোতাবেক অনির্দিষ্ট সময়ের জন্য বিসিআইসি ও এর অঙ্গ প্রতিষ্ঠানের সকল টেন্ডারে অংশগ্রহণ হতে অযোগ্য (debar) করা হয়েছে।

মোঃ সহিদুল ইসলাম

অতিরিক্ত প্রধান ব্যবস্থাপক
ক্রয় বিভাগ, বিসিআইসি।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৫৪২৫)

মূল্য : টাকা ৪.০০